



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)

Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

(A Public Limited Company under Posts and Telecommunications Division of - MoPT & IT)


প্রেস বিজ্ঞপ্তি

SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবল রক্ষণাবেক্ষণ কাজের জন্য

ইন্টারনেট সেবা সাময়িকভাবে ব্যাহত হওয়া প্রসঙ্গে।

ঢাকা, ২২ জুলাই, ২০১৮ খ্রি: বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবলের সিঙ্গাপুর প্রান্তে টুয়াস ল্যান্ডিং স্টেশন হতে দ্বিতীয় রিপিটার প্রতিস্থাপনের কাজ সম্ভাব্য ২৫-৩০ জুলাই, ২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত চলমান থাকবে। উক্ত সময়ে SMW-4 সাবমেরিন ক্যাবলের মাধ্যমে কক্সবাজার হতে শুধুমাত্র টুয়াস ল্যান্ডিং স্টেশন (সিঙ্গাপুর) এ টার্মিনেটেড সকল সার্কিট সম্পূর্ণ বন্ধ থাকবে। তবে, অপর সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-5-এ আপদকালীন সংযোগ প্রদান এবং SMW-4 এ বিকল্প রুটে সাময়িকভাবে কিছু সার্কিট চালু রাখার ব্যবস্থা করা হয়েছে। উল্লেখিত ব্যবস্থাসমূহ গ্রহণ ছাড়াও SMW-5 সাবমেরিন ক্যাবল এবং ITC এর সেবা চালু থাকায় আন্তর্জাতিক ভয়েস এবং ডেটা ও ইন্টারনেট সার্ভিসে উল্লেখযোগ্য কোন সমস্যা হবে না। সংশ্লিষ্ট সকল IGW, IIG এবং অন্যান্য টেলিকম সংস্থাকে বিএসসিসিএল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রেখে আন্তর্জাতিক সার্কিট চালু রাখার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে। তারপরও রক্ষণাবেক্ষণ কাজ চলাকালীন দিনগুলোতে ইন্টারনেট গ্রাহকগণ সাময়িকভাবে কিছু কিছু ক্ষেত্রে ইন্টারনেটের সামান্য ধীরগতি বা এ ধরনের কিছু সমস্যার সম্মুখীন হতে পারেন।

রক্ষণাবেক্ষণকালীন সময়ে সম্মানিত গ্রাহকগণের সম্ভাব্য সাময়িক অসুবিধার জন্য বিএসসিসিএল কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।


(মশিউর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)

ফোন- ৮৮৭৯১৯৫ (অফিস)

ফ্যাক্স- ৮৮৭৯১৯৩ (অফিস)

ই-মেইল: md.bscccl@bscccl.com

প্রতি

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....
.....
.....

বি:দ্র: উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আগামী ২৪/০৭/২০১৮ খ্রি: তারিখের মধ্যে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।